

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
রংপুর বিভাগীয় কার্যালয়, রংপুর।
www.dncrp.rangpurdiv.gov.bd

“শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭” এর আলোকে রংপুর বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটির সভার কার্যবিবরণীঃ

তারিখঃ-২৩/০৫/২০২১ সময়ঃ- ১২.০০ ঘটিকা
স্থানঃ বিভাগীয় কার্যালয়, রংপুর।

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উক্ত সভায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রংপুর বিভাগীয় কার্যালয় ও বিভাগাধীন জেলা কার্যালয় হতে কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

১। সরকারি কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার চর্চার উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার “শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭” প্রনয়ন করেছে এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/ অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের কর্মচারীদের শুদ্ধাচার চর্চার উৎসাহ প্রদানের ক্ষেত্রে এই নীতিমালা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উক্ত নীতিমালায় বর্ণিত সূচকের ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুযায়ী এ অধিদপ্তরের বিভাগীয় পর্যায়ে কর্মরত গ্রেড ০৩ হতে গ্রেড ১০ ভুক্ত কর্মচারীদের মধ্যে বিভাগীয় কার্যালয়ের একজন মাত্র কর্মচারী সহকারী পরিচালক জনাব মো: বোরহান উদ্দিন। তিনি নীতিমালা অনুযায়ী নির্ধারিত নম্বর পাওয়ায় তাঁকে মনোনীত করা হল। জেলা পর্যায়ে কর্মরত গ্রেড ০৩ হতে গ্রেড ১০ ভুক্ত কর্মচারীদের মধ্যে যোগ্য প্রার্থী জনাব মো: আব্দুস সালাম ও জনাব পরেশ চন্দ্রের মধ্য হতে গাইবান্ধা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক, জনাব মো: আব্দুস সালাম নির্ধারিত নম্বরের মধ্যে অধিক নম্বর পাওয়ায় তাঁকে মনোনীত করা হলো। বিভাগীয় পর্যায়ে কর্মরত গ্রেড ১১ হতে গ্রেড ২০ ভুক্ত কোন কর্মচারী না থাকায় শুদ্ধাচারের জন্য মনোনয়ন দেয়া গেল না।

২। মনোনীত ঐ কর্মকর্তাদ্বয়কে পুরস্কার হিসেবে একটি করে সার্টিফিকেট ও তাঁদের আহরিত এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এ ব্যয় ২০২০-২০২১ অর্থবছরের পুরস্কার খাত হতে আর্থিক বিধি বিধান অনুসরণ করে নির্বাহ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
মো: জাহাঙ্গীর আলম
উপপরিচালক
টেলিফোনঃ ০৫২১-৫৫৬৯১

স্মারকনং-২৬.০৪.৫৫০০.৬০১.২৭.০০১.১৮-৩৯৮ তারিখ : ২৩/০৫/২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন ও কার্যক্রম), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, রংপুর।
- ৪। ডিস্ট্রিক্ট কন্ট্রোলার অব একাউন্টস/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা গাইবান্ধা জেলা।
- ৫। জনাব মো: আব্দুস সালাম, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, গাইবান্ধা জেলা কার্যালয়।
- ৬। জনাব মো: বোরহান উদ্দিন, সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুর বিভাগীয় কার্যালয়।
- ৭। অফিস কপি।

মো: জাহাঙ্গীর আলম
উপপরিচালক
টেলিফোনঃ ০৫২১-৫৫৬৯১